

## বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন

২০২০

নং	উদ্যোগের নাম	উদ্যোগের বিবরণ	সহজিকরণ কার্যক্রম বাস্তবায়নের তারিখ
০১.	“সরকারি কর্মচারীদের কল্যাণে সমন্বিত ই-অনুদান সিস্টেম প্রবর্তন”	কোন কর্মচারী কর্মরত/অবসরপ্রাপ্ত অবস্থায় মৃত্যুবরণ করলে তাঁর পরিবার বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড হতে কল্যাণ অনুদান, যৌথবীমার এককালীন অনুদান ও দাফন অনুদান (কর্মরত ও অবসরপ্রাপ্ত অবস্থায় মৃত্যুজনিত) পেয়ে থাকেন। বর্ণিত ৪টি সেবাকে একীভূত করে ১টি ফরমে একই কাগজপত্র দিয়ে আবেদন গ্রহণ এবং একসাথে অনুমোদন প্রদানের অনলাইন ব্যবস্থাপনা চালু করা হয়।	০১/১১/২০২০ (পরিপত্র জারির মাধ্যমে কার্যকর করা হয়েছে) <input type="checkbox"/> সফটওয়্যারের লিংক: <a href="http://sss.bkkb.gov.bd">sss.bkkb.gov.bd</a> <input type="checkbox"/> অনলাইন ব্যবস্থাপনা চালুর পরিপত্র জারি: ১৩/১০/২০২০
০২.	“Unique Registration System প্রবর্তন”	বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সকল অনলাইন সেবা একটি প্ল্যাটফর্মে আনার লক্ষ্যে Unique Registration System প্রণয়ন করা হয়। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড থেকে সেবা গ্রহণের ক্ষেত্রে কর্মচারী/আবেদনকারী জীবনে একবারই Registration করবেন। পরবর্তীতে লগইন করে তার প্রোফাইল আপডেট করতে পারবে এবং বিভিন্ন সেবার জন্য আবেদন করতে পারবেন।	১৩/১২/২০২০ (পরিপত্র জারির মাধ্যমে কার্যকর করা হয়েছে) <input type="checkbox"/> সফটওয়্যারের লিংক: <a href="http://sss.bkkb.gov.bd">sss.bkkb.gov.bd</a> <input type="checkbox"/> Unique Registration System চালুর পরিপত্র জারি: ১৩/১২/২০২০



নম্বর ০৫.৮১.০০০০.০০৫.৪১.০০৭.১৯. ৭৬৫

তারিখ: ১৬/১০/২০২০ খ্রি.

পরিশ্রুত

বিষয়: কল্যাণভাতা, যৌথবীমা এবং দাফন/অস্ত্রোত্তীর্ণ্য অনুদানের "Service Simplification Software" ব্যবহারের মাধ্যমে অনলাইন ব্যবস্থাপনা চালু

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৩টি সেবার (কল্যাণভাতা, যৌথবীমা ও দাফন অনুদান) পৃথক ফরমগুলো একত্রিত করে ১টি ফরমে একই কাগজপত্র দিয়ে আবেদন দাখিল ও একসাথে অনুমোদন প্রদান সংক্রান্ত উচ্চাবনী উদ্যোগটি ২৫তম বোর্ড সভায় অনুমোদিত হয় এবং পরিশ্রুত জারির মাধ্যমে সমন্বিত ফরমটি কার্যকর করা হয়।


০২। পরবর্তীতে বাংলাদেশ সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এর ৮ম অধ্যায়ের ২৬০ নং নির্দেশে, এটুআই প্রোগ্রামের সেবাশক্তি সহজিকরণ বাস্তবায়ন বিষয়ক নির্দেশনা, মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/০৪/২০১৩ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনে জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উচ্চাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজিকরণের পছা উচ্চাবন সংক্রান্ত নির্দেশনা মোতাবেক বোর্ডের কল্যাণ-যৌথ-দাফন অনুদানের ফরম-০২ পুনরায় সহজিকরণ করা হয়, যা ৩০তম বোর্ড সভায় অনুমোদিত হয়।

০৩। ৩টি অনুদানের জন্য ১টি ফরমে একই কাগজপত্র দিয়ে আবেদন গ্রহণ এবং একসাথে অনুমোদন সংক্রান্ত উচ্চাবনী উদ্যোগটি বাস্তবায়নের জন্য সফটওয়্যার (Service Simplification Software) প্রস্তুত করে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর ভাটা সেন্টারে হোস্টিং করা হয়েছে যার URL: sss.bkbb.gov.bd।

০৪। বোর্ডের কল্যাণ-যৌথ-দাফন অনুদান সেবার অনলাইন ব্যবস্থাপনা চালুর বিষয়ে নিম্নরূপ নির্দেশনা জারি করা হলো:  
(ক) কল্যাণভাতা, যৌথবীমা ও দাফন অনুদানের আবেদনের ক্ষেত্রে ১ নভেম্বর, ২০২০ হতে অনলাইনে URL: sss.bkbb.gov.bd ব্যবহার করে আবেদনের সাথে প্রয়োজনীয় কাগজপত্রের ক্যান কপি সংযুক্ত করে আবেদন দাখিল করতে হবে। অনলাইনের পাশাপাশি আবেদনের হার্ড কপি প্রেরণ করতে হবে;

(খ) প্রাথমিক পর্যায়ে ঢাকা মহানগরের অধিক্ষেত্রে অবস্থিত সকল অফিসের কর্মকর্তা-কর্মচারীগণ এ লিংকের সাহায্যে অনলাইনে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডে আবেদন করতে পারবেন। পরবর্তীতে কল্যাণ-যৌথ-দাফন অনুদান এর অনলাইন ব্যবস্থাপনা কার্যক্রম সারা দেশে রোলকট করা হবে।

জনস্বার্থে জারিকৃত এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

  
সত্যরত সাহা  
মহাপরিচালক(সরকারের সচিব)  
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড  
ফোন: +৮৮-০২-৪৯০৪৯০২৩  
ই-মেইল: dg@bkbb.gov.bd



নম্বর ০৫.৮১.০০০০.০০৫.৪১.০০৭.১৯. ১৬০০

তারিখ: ১৬/১২/২০২০

পরিশ্রুত


বিষয়: বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের "Unique Registration System" বাস্তবায়ন

বাংলাদেশ সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এর ৮ম অধ্যায়ের ২৬০ নং নির্দেশে, এটুআই প্রোগ্রামের সেবাশক্তি সহজিকরণ বাস্তবায়ন বিষয়ক নির্দেশনা, মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/০৪/২০১৩ খ্রি. তারিখে জারিকৃত প্রজ্ঞাপনে জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উচ্চাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজিকরণের পছা উচ্চাবন সংক্রান্ত নির্দেশনার পরিশ্রুতিতে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সকল অনলাইন সেবা একটি প্ল্যাটফর্মে আনার উদ্যোগ গ্রহণ করা হয়। বোর্ড হতে অনলাইনে সেবা গ্রহণের জন্য আবেদনকারী একবারই রেজিস্ট্রেশন করবে এবং পরবর্তীতে তীর আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন করে কাঙ্ক্ষিত সেবার জন্য আবেদন দাখিল করতে পারবে। বোর্ডের সকল অনলাইন সেবা একটি প্ল্যাটফর্মে একই ডোমেইন এর আওতায় আনার লক্ষ্যে Unique Registration System প্রণয়ন সংক্রান্ত উচ্চাবনী উদ্যোগটি ২২/০৭/২০২০ তারিখে অনুষ্ঠিত ৩১তম বোর্ড সভায় অনুমোদিত হয়।

০২। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের Unique Registration System টি প্রণয়ন করে কল্যাণ-যৌথ-দাফন অনুদান সেবার অনলাইন সফটওয়্যার URL:sss.bkbb.gov.bd এর সাথে সমন্বয়পূর্বক বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর ভাটা সেন্টারে হোস্টিং করা হয়েছে।

০৩। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সকল ই-সেবার ক্ষেত্রে Unique Registration System ব্যবহারের মাধ্যমে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করে যে কোন সেবার জন্য অনলাইনে আবেদন করতে পারবে।

জনস্বার্থে জারিকৃত এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

  
সত্যরত সাহা  
মহাপরিচালক(সরকারের সচিব)  
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড  
ফোন: +৮৮-০২-৪৯০৪৯০২৩  
ই-মেইল: dg@bkbb.gov.bd